
FEB. 1 7 2001

দৈনিক ইত্তেফাক








# একুশের বই মেলায়

# কম্পিউটার প্রকাশনা

বাংলাদেশের শিল্প, সাহিত্য ও সাংস্কৃতিক অঙ্গনে এক গুরুত্বপূর্ণ অধ্যায় একুশে বইমেলা। বাংলা একাডেমী প্রাঙ্গণে প্রতিবছর ভাষার মাস ফেব্রুয়ারীর প্রথমদিন থেকে শেষ দিন পর্যন্ত চলে এই মেলা। বই পাগল বাঙ্গালী দলে দলে ভিড় জমায় এই মেলার। প্রতিদিন আগমন ঘটে নতুন-নতুন বইয়ের। স্টলের শেলফে সাজানো গল্প, উপন্যাস এবং কবিতার বইয়ের পাশাপাশি সমান তালে চলছে কম্পিউটারের উপর লেখা দেশী বই। নিঃসন্দেহে কম্পিউটার আজ আমাদের জীবনের তথা সংস্কৃতিরও একটি অঙ্গ।

মেলায় কম্পিউটারের উপর আসা বই মেলায় এই বছর কম্পিউটারের উপর নতুন নতুন অনেক বই এসেছে। নতুন বইয়ের পাশাপাশি অন্য বইগুলোও বেশ ভালো চলছে। মাতৃভাষা বাংলায় কম্পিউটার বই রচনায় অগ্রদূত জনপ্রিয় প্রকাশনী সিসটেক পাবলিকেশন্স মেলায় উপলক্ষে প্রকাশ করেছে নতুন কিছু বই। নতুন আসা বইগুলো হলো- 'মাইক্রোসফট একসিস'- (মাহবুবুর রহমান) 'ইউনিক্স এন্ড লাইনাক্স'- (আমিন ফরহাদ), 'থ্রিডি স্টুডিও ম্যাক্স' (মাহবুবুর রহমান)। এছাড়া ও মেলা উপলক্ষে শীঘ্রই আসছে 'কম্পিউটার গেমস' (জেসান রহমান এবং ফয়সাল তানভীর) এবং কম্পিউটার ডায়েরী (কামরুল হায়দার), জ্ঞানকোষ প্রকাশনী মেলা উপলক্ষে প্রকাশ করেছে 'এপিআই এবং ডিএও প্রোগ্রামিং' (লুৎফর রহমান ভূঁইয়া)। নতুন বইয়ের পাশাপাশি অন্য যে বইগুলো ভালো চলছে তা হলো 'ভিজুয়েলজি++ প্রোগ্রামিং (লুৎফর রহমান ভূঁইয়া), 'ওয়েব ডিজাইন এন্ড ডেভেলপ' (খন্দকার রাশেদ হাসান), 'কম্পিউটার হার্ডওয়ার মেইনট্যানেন্স এন্ড ট্রাবলশুটিং'- (মোঃ আজিজুর রহমান খান এবং তারিকুল ইসলাম চৌধুরী), 'ওয়েব পাবলিশিং' (সুহৃদ সরকার)।

মাল্টিমিডিয়া সিডি ঃ সারা পৃথিবী জুড়ে চলছে ডিজিটাল বিপ্লব, বাংলাদেশও এর বাইরে নয়। ডিজিটাল সিডি প্রকাশে হাইটেক একটি উজ্জ্বল নাম। মেলায় হাইটেকের নতুন উপহার 'ডিজিটাল বাংলাদেশ' চতুর্মাসিক ডিজিটাল ম্যাগাজিন পাশাপাশি ভালো চলছে এমন সিডিগুলো হলো- 'বাংলাদেশ ৭১', 'কা
'সোনামনি' এবং শীঘ্রই আ
'বাউল' বাংলা মাল্টিমি
টিউটোরিয়াল সিডি ভা
চলছে প্রোগামিং ল্যাঙ্গু
কম্পিউটার হার্ডওয়ার
ট্রাবলশুটিং (সিডি মিডি
মাইক্রোসফট ভিজুয়াল বে
৬ সিডি মিডিয়া। বে
লিমিটেড তাদের প্রকা
বাংলা বর্ণমালা শেখার সফটওয়্যার 'পাঠশালা' নিয়ে হা
হয়েছে একুশে মেলায়। এর প্রতি শিশুদের কৌ
লক্ষণীয় এছাড়া সিসটেক প্রকাশিত 'আইটিকম' ডিজি
ম্যাগাজিন সিডিও বেশ ভালো চলছে।

ওয়েব সাইটে একুশে বইমেলা ঃ গত বছর থেকে ও
সাইটের মাধ্যমে বই মেলার খবর সারা বিশ্বে
দেয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। এবারো সেই
অব্যাহত রাখা হয়েছে। বাংলাদেশের ডাটা সফ
আমেরিকার অ্যাঞ্জেলনেট কোম্পানির যৌথ উদে
তৈরি এই ওয়েব স
(www.banglabooks,com) দশ সহস্র
বইয়ের তালিকা দেয়া আছে। শুধু তাই নয় প্র
বাঙ্গালীরা ক্রেডিট কার্ডের বিনিময়ে এই সাইট
অনলাইনে পছন্দমতো বই কিনতে পারবেন।

❑ জাহাঙ্গীর আলম